# লেকচার ১১

- বাক্য, বাক্যের গঠন
- বাক্যের পরিবর্তন
- বাক্য শুদ্ধি
- প্রয়োগ ও অপ-প্রয়োগ

## বাক্য, বাক্যের গঠন, বাক্যের পরিবর্তন, বাক্যের শুদ্ধি, প্রয়োগ ও অপ-প্রয়োগ

### বাক্য

| বাক্য | নিয়ম | উদাহরণ |
|---|---|---|
| ☑ সরল বাক্য | যে বাক্যে একটি মাত্র উদ্দেশ্য (কর্তা) ও একটি মাত্র বিধেয় থাকে,তাকে সরল বাক্য বলে। | দিপা বই পড়ে। রাসেল ক্রিকেট খেলে। |
| ☑ জটিল বা মিশ্র বাক্য | একটি পূর্ণ বাক্যে যদি একটি প্রধান খণ্ডবাক্য ও এক বা একাধিক অপ্রধান খণ্ডবাক্য পরস্পর সম্পর্কযুক্ত থাকে, তবে তাকে জটিল বাক্য বলে। | যারা মাতৃভাষার মূল্য দেয় না, তারা মায়ের মূল্য দিতে জানে না। |
| ☑ যৌগিক বাক্য | দুই বা ততোধিক বাক্য যখন ও, এবং, আর, কিন্তু, তথাপি ইত্যাদি অব্যয়ের সাহায্যে যুক্ত থাকে, তখন তাকে যৌগিক বাক্য বলে। | সে গরিব কিন্তু সৎ। তুমি এবং আমি ঢাকা যাব। |

**বাক্য ( Sentence):** একটি সম্পূর্ণ মনোভাব যে সমস্ত পদ দ্বারা প্রকাশ করা হয় তাদের সমষ্টিকে বাক্য বলে ।

একটি বাক্যে ২ টি অংশ থাকে ।যথা -

১) উদ্দেশ্য (Subject ) এবং

২) বিধেয় (Predicate )

**উদ্দেশ্য ( Subject ):** কোন বাক্যে যাকে উদ্দেশ্য করে কিছু বলা হয় তা উদ্দেশ্য ।অর্থাৎ বাক্যের কর্তায় হলো উদ্দেশ্য ।

**বিধেয় ( Predicate ):** উদ্দেশ্য বিষয়ে যা বিধান বা নির্দেশ করা হয় তাই বিধেয় ।যেমন- সূর্য উঠিয়াছে "এখানে সূর্য 'উদ্দেশ্য আর 'উঠিয়াছে' হলো বিধেয় ।

একটি পূর্ণাঙ্গ বাক্যের লক্ষণ ৩ টি :

১) আকাঙ্ক্ষা (Expectancy)

২) আসত্তি (Compatibilitz or Propriety)

৩) যোগ্যতা (Proximity)

**আকাঙ্ক্ষা ( Expectancy):** এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তাকে আকাঙ্ক্ষা বলে। যেমন -'আমরা কলম দিয়ে; বললে' বাক্যটি পূর্ণ হয় না এবং শ্রোতার আগ্রহও সম্পূর্ণ মেটে না তাই নতুন পদের আবশ্যকতা থেকে যায় । 'আমরা কলম দিয়ে লিখি' বললে- বাক্যটি পূর্ণতা পায় এবং এই শেষাক্ত 'লিখি' পদটি শোনার যে ইচ্ছা তাই আকাঙ্ক্ষা ।

**আসত্তি (Compatibilitz or Propriety) :** বাক্যের সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি ।বাক্যে ব্যবহৃত প্রত্যেক পদের সঠিক ব্যবহার আবশ্যক নইলে বাক্যটি সঠিক হবে না। 'আজ না যাব স্কুলে আমি' 'বললে, বাক্যটি সঠিক হবে না। 'আজ আমি স্কুলে যাব না' বললে- বাক্যটি পূর্ণতা পায় এবং সঠিক হয়।

**যোগ্যতা ( Proximity) :** বাক্যে ব্যবহৃত পদগুলির অর্থগত এবং ভাবগত মিল থাকা আবশ্যক। 'গরু আকাশে ওড়ে'। 'পাখি ঘাস খায়।' বললে, বাক্য দুটির অর্থগত এবং ভাবগত মিল থাকে না এবং বাক্য দুটি তার যোগ্যতা হারায় ।

**বাক্যের প্রকারভেদ:**

গঠন অনুসারে বাক্য ৩ প্রকার .....

১) সরল বাক্য (Simple sentence)

২) জটিল বাক্য (Complex sentence)

৩) যৌগিক বাক্য (Compound sentence )

**সরল বাক্য (Simple sentence):** যে বাক্যে একটি মাত্র উদ্দেশ্য (কর্তা ) ও একটি মাত্র বিধেয় (সমাপিকা ক্রিয়া )থাকে তাকে সরল বাক্য বলে ।যেমন- বৃষ্টি পড়িতেছে ।এই বাক্যটিতে একটি মাত্র উদ্দেশ্য 'বৃষ্টি' ও একটি মাত্র বিধেয় 'পড়িতেছে 'ব্যবহৃত হয়েছে ।সুতরাং এটি একটি সরল বাক্য।

**জটিল বাক্য (Complex sentence):** পরস্পর সাপেক্ষ দুটি খণ্ডবাক্যের সমন্বয়ে যে একটি পূর্ণ বাক্য গঠিত হয় তাকে জটিল বা মিশ্রবাক্য বলে ।যেমন-যদি তুমি আস তাহলে আমি যাব ।জটিল বাক্যে ....যদি -তাহলে, যিনি-তিনি,যা-তা,যে-সে ইত্যাদি শব্দ যুক্ত হয়ে বাক্য গঠন করে ।

**যৌগিক বাক্য (Compound sentence ):** পরস্পর নিরপেক্ষ দুই বা বহু সরল বা জটিল বাক্যের সমন্বয়ে গঠিত একটি পূর্ণ বাক্যকে যৌগিক বা সংযুক্ত বাক্য বলে । এই ধরনের পূর্ণ বাক্যে নিরপেক্ষ বাক্যগুলি এবং, ও, আর, কিংবা, নতুবা ইত্যাদি অব্যয় দ্বারা পরস্পর সংযুক্ত থাকে । যেমন-তুমি যাহাকে ভালোবাস সে ধনী বটে, কিন্তু সৎ নহে। রাত্রি প্রভাত হইল এবং সঙ্গে সঙ্গে বৃষ্টি পড়িতে লাগিল ।

## অর্থানুসারে বাক্য

☞ **প্রকারভেদ:** অর্থানুসারে বাক্য সাত প্রকার। নিম্নে উদাহরণসহ বর্ণনা করা হলো:

১. **বিবৃতিমূলক বাক্য:**

কোনো ঘটনা, ভাব বা বক্তব্যের তথ্য যে বাক্যে প্রকাশ করা হয় তাকে বিবৃতিমূলক বাক্য বলে। বিবৃতিমূলক বাক্য দুই প্রকার। i. অস্তিবাচক ii. নেতিবাচক বাক্য। উদাহরণ:

| অস্তিবাচক বাক্য | নেতিবাচক |
|---|---|
| প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে। | প্রিয়ংবদা অযথার্থ কহে নাই। |
| মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে। | মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না। |
| এতে দোষের কী আছে। | এতে দোষ নেই। |

২. **প্রশ্নবোধক বাক্য:**
কোনো ভাব বা ঘটনা সম্পর্কে যে বাক্যে কোনো প্রশ্ন থাকে তাকে প্রশ্নবোধক বাক্য বলে। যেমন: তোমার দেশের নাম কী?

৩. **অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য :**
যে বাক্যে আদেশ, নিষেধ, অনুরোধ, উপদেশ দেয়া হয় তাকে অনুজ্ঞাসূচক বাক্য বলে। যেমন: ভালো ফলের চেষ্টা করা। সময় নষ্ট করে না।

৪. **প্রার্থনা বা ইচ্ছাসূচক বাক্য:**
মঙ্গল–অমঙ্গল, কামনা, বাসনা, ইচ্ছা, অভিপ্রায়, প্রার্থনাসূচক বাক্যকে কামনামূলক বা ইচ্ছামূলক বাক্য বলে। যেমন: ভালো থাকিস। গিয়েছে দেশ, দুঃখ নাই, আবার তোরা মানুষ হ।

৫. **বিস্ময়সূচক বাক্য:**
আনন্দ-বেদনা, ঘৃণা-ক্রোধ, আবেগ-উচ্ছ্বাস, বিস্ময়- কৌতূহল যে বাক্যে প্রকাশিত হয়, তাকে বিস্ময়সূচক বাক্য বলে। যেমন: কতই না সুন্দর তাজমহলের দৃশ্য!

৬. **সংশয়সূচক বাক্য:**
এ শ্রেণির বাক্যে সংশয়, সন্দেহ, অনিশ্চয়তা, সম্ভাবনা কিংবা বাক্যে 'হয়তো', 'বুঝি', 'বোধ হয়', 'সম্ভবত', 'নিশ্চয়' ইত্যাদি ক্রিয়া বিশেষণ যুক্ত হয়। যেমন: হয়তো তার আসা হবে না। বোধ হয় কাল তোমার সঙ্গে দেখা হবে।

৭. **কার্যকারণাত্মক বাক্য:**
যেসব বাক্যে কোনো নিয়ম, স্বীকৃতি, সংকেত বা শর্ত দ্যোতিত হয়, তাকে কার্যকারণাত্মক বাক্য বলে। যেমন: সময় পেলে তোমার ওখানে যাবো। কষ্ঠনা করলে কেষ্ট মিলে না।

## বিসিএস এর বিগত সালের প্রশ্নসমূহ

১. **'সুনামীর তাণ্ডবে অনেকেই সর্বশান্ত হয়েছে।'- বাক্যটিতে কয়টি ভুল আছে?** [৪৫তম বিসিএস]
ক. একটি খ. দুটি গ. তিনটি ঘ. ভুল নেই উত্তর: গ

২. **নিচের কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?** [৪৪তম বিসিএস]
ক. আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই। খ. আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
গ. তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল। ঘ. সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম। উত্তর: গ

৩. **নিচের কোনটি যৌগিক বাক্য?** [৪৪তম বিসিএস]
ক. দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না। খ. তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন।
গ. মহৎ মানুষ বলে সবাই তাঁকে সম্মান করেন। ঘ. ছেলেটি চঞ্চল তবে মেধাবী। উত্তর: ঘ

৪. **'যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়।'-এটি কোন ধরনের বাক্য?** [৪৩তম বিসিএস]
ক. সরল বাক্য খ. জটিল বাক্য গ. যৌগিক বাক্য ঘ. খণ্ড বাক্য উত্তর: খ

৫. **'তাতে সমাজজীবন চলে না।'- এ বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?** [৪৩তম বিসিএস]
ক. তাতে সমাজজীবন চলে। খ. তাতে না সমাজজীবন চলে।
গ. তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে। ঘ. তাতে সমাজজীবন সচল হয়ে পড়ে। উত্তর: গ

৬. **'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারার অর্থ কী?** [৪৩তম বিসিএস]
ক. রামায়ণের সাত পর্ব খ রামায়ণে বর্ণিত বৃক্ষ গ. রামায়ণে বর্ণিত সাতটি সমুদ্র ঘ. বৃহৎ বিষয় উত্তর: ঘ

৭. **রবীন্দ্রনাথ কোন কারক বাদ দিতে চেয়েছিলেন?** [৪৩তম বিসিএস]
ক. করণ কারক খ. সম্প্রদান কারক গ. অপাদান কারক ঘ. অধিকরণ কারক উত্তর: খ

৮. **'Attested' শব্দের বাংলা পরিভাষা কী?** [৪৩তম বিসিএস]
ক. প্রত্যায়িত খ. সত্যায়িত গ. প্রত্যয়িত ঘ. সত্যয়িত উত্তর: খ

৯. **যিনি ন্যায়শাস্ত্র জানেন এর একথায় প্রকাশিত রূপ হলো-** [৪২তম বিসিএস]
ক. ন্যায়বাগীশ খ. নৈয়ায়িক গ. ন্যায়পাল ঘ. ন্যায়ঋদ্ধ উত্তর: খ

১০. **বাক্যের দুটি অংশ থাকে-** [৪২তম বিসিএস]
ক. প্রসাদগুণ, মাধুর্যগুণ খ. উপমা, অলংকার গ. উদ্দেশ্য, বিধেয় ঘ. সাধু, চলিত উত্তর: গ

১১. **শুদ্ধ বাক্য নয় কোনটি-** [৪২তম বিসিএস]
ক. বিদ্বান হলেও তার কোনো অহংকার নেই। খ. ইশ! যদি পাখির মত পাখা পেতাম।
গ. অকারণে ঋণ করিও না ঘ. হয়তো সোহমা আসতে পারে। উত্তর: গ

১২. **'এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো'- এ বাক্য কোন ধরনের?** [৪১তম বিসিএস]
ক. অনুজ্ঞাবাচক খ. নির্দেশাত্মক গ. বিস্ময়বোধক ঘ. প্রশ্নবোধক উত্তর: খ

১৩. **কোনটি সার্থক বাক্যের গুণ নয়?** [৩৮তম বিসিএস]
ক. আকাঙ্ক্ষা খ. যোগ্যতা গ. আসক্তি ঘ. আসত্তি উত্তর: গ

১৪. **'মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে'- বাক্যটিতে নেতিবাচক বাক্যে রূপান্তর করলে হয়-** [৩৬তম বিসিএস]
ক. মিথ্যাবাদীকে সবাই পছন্দ করে খ. মিথ্যাবাদীকে সবাই পছন্দ না করে পারে না
গ. মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না ঘ. মিথ্যাবাদীকে কেউ অপছন্দ করে না উত্তর: গ

১৫. **কোনটি বাক্যের বৈশিষ্ট্য নয়?** [৩৫তম বিসিএস]
ক. যোগ্যতা খ. আকাঙ্ক্ষা গ. আসক্তি ঘ. আসত্তি উত্তর: গ

১৬. **'তুমি আসবে বলে হে স্বাধীনতা সখিনা বিবির কপাল ভাঙল।'- এটি কোন বাক্য?** [৩৩তম বিসিএস]
ক. সরল খ. মিশ্র বা জটিল গ. যৌগিক ঘ. সংযুক্ত উত্তর: খ

১৭. **'মা ছিল না বলে কেউ তার চুল বেঁধে দেয়নি।' এটি একটি-** [৩২তম বিসিএস]
ক. জটিল বাক্য খ. যৌগিক বাক্য গ. সরল বাক্য ঘ. মিশ্র বাক্য উত্তর: গ

১৮. **বাক্যের তিনটি গুণ কি কি?** [২৯তম বিসিএস]
ক. আকাংখা, আসক্তি ও বিধেয় খ. আকাঙ্ক্ষা আসত্তি ও যোগ্যতা
গ. যোগ্যতা, উদ্দেশ্য ও বিধেয় ঘ. কোনোটিই নয় উত্তর: খ

১৯. 'যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।' এটি কোন জাতীয় বাক্য? [২৬তম বিসিএস]
ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য গ. মৌলিক বাক্য ঘ. মিশ্র বাক্য উত্তর: ঘ

২০. 'যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে' কোন ধরনের বাক্য? [২৫তম বিসিএস]
ক. সরল খ. জটিল গ. যৌগিক ঘ. অনুজ্ঞামূলক উত্তর: খ

২১. তুমি না বলেছিলে আগামীকাল আসবে?- এখানে 'না'- এর ব্যবহার কি অর্থে [২৪তম বিসিএস]
ক. না-বাচক খ. হ্যাঁ-বাচক গ. প্রশ্নবোধক ঘ. বিস্ময়সূচক উত্তর: খ

২২. 'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি'- এটা কোন ধরনের বাক্য? [১৮তম বিসিএস]
ক. যৌগিক বাক্য খ. সাধারণ বাক্য গ. মিশ্র বাক্য ঘ. সরল বাক্য উত্তর: ক

২৩. 'হযরত মুহম্মদ (স) ছিলেন একজন আদর্শ মানব' বাক্যটি নিম্নোক্ত একটি শ্রেণীর- [১৭তম বিসিএস]
ক. মিশ্র খ. জটিল গ. যৌগিক ঘ. সরল উত্তর: ঘ

২৪. কোন বাক্যটি শুদ্ধ? [৩৭তম বিসিএস]
ক. আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
খ. তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম।
গ. তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ।
ঘ. সেদিন থেকে তিনি সেখানে আর যায় না। উত্তর: খ

২৫. কোন বাক্যটি শুদ্ধ? [৩৫তম বিসিএস]
ক. দৈন্যতা সর্বদা মহত্বের পরিচায়ক নয়
খ. দৈন্য সর্বদা মহত্বের পরিচায়ক নয়
গ. দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
ঘ. দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয় উত্তর: ঘ

২৬. কোনটিতে অপ প্রয়োগ ঘটেছে? [৩৮তম বিসিএস]
ক. জবাবদিহি খ. মিথস্ক্রিয়া গ. একত্রিত ঘ. গৌরবিত উত্তর: গ

২৭. "পুরষ্কার-বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিস্কার"! — বাক্যটির নিম্নরেখ পদে ষ/স ব্যবহারে- [৩৫তম বিসিএস]
ক. প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয়টি শুদ্ধ
খ. প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
গ. দুটোই অশুদ্ধ
ঘ. দুটোই শুদ্ধ উত্তর: গ

২৮. কোন বাক্যটি শুদ্ধ? [২৫তম বিসিএস]
ক. তাহার জীবন সংশয়পূর্ন খ. তাহার জীবন সংশয়ময় গ. তাহার জীবন সংশয়াপন্ন ঘ. তাহার জীবন সংশয়ভরা উত্তর: গ

## শিক্ষার্থীদের কাজ

১. 'অশ্ব দ্রুত চলে'-এ বাক্যে বিধেয়-সম্প্রসারণ ঘটেছে কিভাবে?
ক.বিশেষণ যোগে খ.ক্রিয়া বিশেষণ যোগে গ.বিশেষণের বিশেষণ যোগে ঘ.বিধেয় বিশেষণ যোগে উত্তর: খ

২. শব্দ প্রয়োগ কালে যদি তার যোগ্যতা হারায় তবে কোন দোষে দুষ্ট বলা হয়?
ক.গুরুচন্ডালী খ.বাহুল্য দোষ গ.বাগধারার রদবদল ঘ.কোনটিই নয় উত্তর: ক

৩. পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বাক্য বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি বাক্য গঠন করলে তাকে কি বলে?
ক.সরল বাক্য খ.আশ্রিত খণ্ডবাক্য গ.যৌগিক বাক্য ঘ.মিশ্র বাক্য উত্তর: গ

৪. কোনটি জটিল বাক্য?
ক.লোকটি গরিব কিন্তু সৎ খ.যদিও লোকটি গরিব তবুও সৎ গ.গরিব হলেও লোকটি সৎ ঘ.গরিব হয়েও লোকটি সৎ উত্তর: খ

৫. 'যেহেতু তুমি বেশী নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে' কোন ধরনের বাক্য?
ক.সরল খ.জটিল গ.যৌগিক ঘ.অনুজ্ঞামূলক উত্তর: খ

৬. কোন বাক্যের মাধুর্য গুণ বাক্যকে কী বৈশিষ্ট্যমন্ডিত করে?
ক.বাক্যের জটিলতা মুক্ত করে
খ.বাক্যকে সহজ বোধ্য করে তোলে
গ.বাক্যকে হৃদয়গ্রাহী করে তোলে
ঘ.বাক্যকে ভাবভঙ্গিকে বলিষ্ঠ করে তোলে উত্তর: গ

৭. বাক্যের অর্থ গ্রহনের নিমিত্ত এক পদের পর অপর পদ শোনার যে ইচ্ছা থাকে তাকে কি বলে?
ক.যোগ্যতা খ.আকাঙ্ক্ষা গ.আসত্তি ঘ.স্পৃহা উত্তর: খ

৮. কতগুলো পদ একত্রিত হয়ে বক্তার মনের ভাব সম্পূর্ণ-রূপে প্রকাশ করলে তাকে কি বলে?
ক.উক্তি খ.সমাস গ.সন্ধি ঘ.বাক্য উত্তর: ঘ

৯. কোনটি সার্থক বাক্যের গুণ নয়?
ক.আকাঙ্ক্ষা খ.যোগ্যতা গ.আসত্তি ঘ.আসক্তি উত্তর: ঘ

১০. কোনটি সরল বাক্য?
ক.যা করবার তা করেছি
খ.তুমি যা বলবে তাই ঠিক
গ.সে পরিশ্রমী বটে, কিন্তু নির্বোধ ঘ.তুমি অধম বলে আমি উত্তম হবো না কেন? উত্তর: ঘ

## গুরুত্বপূর্ণ প্রশ্ন সমূহ

০১. কোন বাক্যটি শুদ্ধ?
ক. তাহার জীবন সংশয়পূর্ন খ. তাহার জীবন সংশয়ময় গ. তাহার জীবন সংশয়াপূর্ণ ঘ. তাহার জীবন সংশয়ভরা উত্তর: গ

০২. কোনটি শুদ্ধ বাক্য?
ক. একটা গোপনীয় কথা বলি খ. একটি গোপন কথা বলি গ. একটি গোপণ কথা বলি ঘ. একটি গুপ্ত কথা বলি উত্তর: ক

০৩. 'বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর' বাক্যটির শুদ্ধরূপ কোনটি?
ক. বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ খ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর গ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ ঘ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ উত্তর: গ

০৪. 'পল্লবী বই পড়া প্রতিযোগিতায় পুরস্কার পেয়েছে।' বাক্যটি যে কারণে অশুদ্ধ??
ক. বানানগত খ. লিঙ্গজনিত গ. বচনজনিত ঘ. অন্বয়ঘটিত উত্তর: ক

০৫. পরিচ্ছদ অর্থে 'পাঞ্জাবি' তাহলে 'পাঞ্জাবী' অর্থে ব্যবহৃত হয়?
ক. দীন অর্থে খ. জাতি অর্থে গ. গণ অর্থে ঘ. বিবিধ অর্থে উত্তর: খ

০৬. সে একজন বিদুষা নারী। এ বাক্যে 'বিদুষা' শব্দের সঠিক রূপ কোনটি?
ক. বিদূষী খ. বিদুশি গ. বিদুসি ঘ. বিদুষী উত্তর: ঘ

০৭. ‘ঢাকা, ২১ ফেব্রুয়ারি ১৯৫২’- এ বাক্যে প্রধানত যে ধরনের ভুল রয়েছে-
ক. বচনজনিত খ. বিরামচিহ্ন জনিত গ. সন্ধিজনিত ঘ. সমাসজনিত উত্তর: খ

০৮. ‘অর্ধাঙ্গিনী’ শব্দ দ্বারা স্ত্রী বোঝালে ‘অর্ধাঙ্গিনী’র পুরষবাচক শব্দ কোনটি?
ক. স্বামী খ. অর্ধাঙ্গা গ. অর্ধাঙ্গ ঘ. কোনটিই নয় উত্তর: ঘ

০৯. ‘রহিমের স্থান সর্বশীর্ষে’। বাক্যটি নিম্নের কোন কারণে অশুদ্ধ?
ক. প্রত্যয়জনিত খ. বাহুল্যজনিত গ. বচনজনিত ঘ. শব্দের প্রয়োগজনিত উত্তর: খ

১০. ‘যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।’- এটি কোন জাতীয় বাক্য?
ক. সরল খ. যৌগিক গ. মৌলিক ঘ. মিশ্র উত্তর: ঘ

১১. ‘হযরত মুহাম্মদ (সঃ) ছিলেন একজন আদর্শ মানব’-এটি কোন জাতীয় বাক্য?
ক. সরল খ. যৌগিক গ. মৌলিক ঘ. মিশ্র উত্তর: ক

১২. ‘যদি বৃষ্টি হয় তবে বের হব না’-এটি কোন জাতীয় বাক্য?
ক. সরল খ. যৌগিক গ. অনুজ্ঞাবাচক ঘ. মিশ্র বা জটিল উত্তর: ঘ

১৩. ‘যদি সত্য বল তাহলে মুক্তি পাবে’- এটি কোন জাতীয় বাক্য?
ক. সরল খ. যৌগিক গ. মৌলিক ঘ. মিশ্র উত্তর: ঘ

১৪. একটি মাত্র কর্তা ও একটি সমাপিকা ক্রিয়া দ্বারা গঠিত বাক্যকে কী বলে?
ক. সরল খ. যৌগিক গ. মৌলিক ঘ. মিশ্র উত্তর: ক

১৫. কোনটি অস্তিবাচক বাক্য?
ক. পৃথিবী চিরস্থায়ী নয় খ. ওকে চেনাই যায় না গ. কথাটা না মেনে উপায় নেই ঘ. জায়গাটা নির্জন উত্তর: ঘ

১৬. ‘মেঘ গর্জন করলে ময়ূর নিত্য করে’- এটি কোন ধরণের বাক্য?
ক. সরল খ. যৌগিক গ. মৌলিক ঘ. মিশ্র উত্তর: ক

১৭. গঠন অনুসারে বাক্য কত প্রকার?
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫ উত্তর: খ

১৮. ‘কন্যার বাপ সবুর করিতে পারিতেন, কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না।’বাক্যটি-
ক. সরল খ. যৌগিক গ. মৌলিক ঘ. মিশ্র উত্তর: খ

১৯. পৃথিবী চিরস্থায়ী নয়-এটি কোন ধরণের বাক্য
ক. অস্তিবাচক খ. অনুজ্ঞাবাচক গ. ভবিষ্যত জ্ঞাপন ঘ. নেতিবাচক উত্তর: ঘ

২০. ‘নালিশটা অযৌক্তিক?
ক. অস্তিবাচক খ. অনুজ্ঞাবাচক গ. ভবিষ্যত জ্ঞাপন ঘ. নেতিবাচক উত্তর: ক

## বাড়ির কাজ

১. তুমি আমার সঙ্গে প্রপঞ্চ করেছ- এ বাক্যটি কোন দোষে দুষ্ট?
ক. বাহুল্য দোষে খ. গুরুচন্ডালী দোষে গ. দুর্বোধ্যতা ঘ. রীতিসিদ্ধ অর্থবাচকতা উত্তরঃ গ

২. নিচের কোনটি যৌগিক বাক্যের উদাহরণ?
ক.সত্য কথা না বলে বিপদে পড়েছি খ.তার বয়স হলেও বুদ্ধি হয়নি
গ.তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি ঘ.বুদ্ধিহীনরাই একথা বিশ্বাস করবে উত্তরঃ গ

৩. যে বাক্যে একটি মাত্র কর্তা এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া থাকে তাকে কি বলে?
ক.যৌগিক বাক্য খ.মিশ্র বাক্য গ.সরল বাক্য ঘ.জটিল বাক্য উত্তরঃ গ

৪. একটি আদর্শ বাক্যের কয়টি গুণ থাকে-
ক.৪ টি খ.২ টি গ.৫ টি ঘ.৩ টি উত্তরঃ ঘ

৫. গরুর শকট, মড়াদাহ, শবপোড়া- এই শব্দগুলো কোন দোষে দুষ্ট?
ক.বাহুল্য দোষে খ.গুরুচন্ডালী দোষে গ.আকাঙ্ক্ষার প্রয়োগ ঘ.বাগধারার শব্দ পরিবর্তন উত্তরঃ খ

৬. কোন বাক্যে যার সম্বন্ধে কিছু বলা হয় তাকে কি বলে?
ক.উদ্দেশ্য খ.বিধেয় গ.সর্বনাম ঘ.অব্যয় উত্তরঃ ক

৭. বাক্যের ক্ষুদ্রতম একক কোনটি?
ক.শব্দ খ.বর্ণ গ.ধ্বনি ঘ.চিহ্ন উত্তরঃ ক

৮. কোনটিতে অপপ্রয়োগ ঘটেছে?
ক.জবাবদিহি খ.মিথস্ক্রিয়া গ.গৌরবিত ঘ.একত্রিত উত্তরঃ ঘ

৯. শুদ্ধ বাক্য কোনটি?
ক.দৈন্যতা প্রশংসনীয় নয় খ.দীনতা প্রশংসনীয় নয় গ.দীনতা নিন্দনীয় ঘ.দীনতা অপ্রসংশনীয় উত্তরঃ খ

১০. কোনটি সরল বাক্য?
ক.যখন তুমি যাবে, তখন আমিও যাব খ.তুমি যেও না
গ.তুমি বল, নাইলে আমিও যাব না ঘ.কোনটিই নাং উত্তরঃ খ